



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/৯২২

তারিখ : ২১/১১/২০১৯

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৮-১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ড আগামী ২৫/১১/২০১৯ তারিখ থেকে ২৭/১১/২০১৯ তারিখ পর্যন্ত বিতরণ করা হবে। এ লক্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্ড গ্রহনের আবেদনপত্রের সাথে নিম্নে প্রদত্ত তথ্য ছক (বেসরকারি কলেজ) পূরণপূর্বক সংযুক্তিসহ বর্ণিত সময়ের মধ্যে কলেজ শাখা হতে নিজ নিজ প্রতিষ্ঠানের মূল রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিতরণকৃত রেজিস্ট্রেশন কার্ডে বিষয়গ্রহণ বা ছবিতে ভুল থাকলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আবেদন (ছবি সংশোধনের ক্ষেত্রে শিক্ষার্থীর ছবি সিডিতে জেপিইজি ফরম্যাটে) আগামী ০৮/১২/২০১৯ তারিখের মধ্যে কলেজ শাখার কক্ষ নং ৩০৭ এ জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ আছে সেকল শিক্ষা প্রতিষ্ঠানের মূল রেজিস্ট্রেশন কার্ড গ্রহনের আবেদনপত্রে গভর্ণিৎ বড়ির সভাপতির দ্বাক্ষর ও সীলসহ প্রত্যয়ন থাকতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

২৫.১১.১৯
প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৯৬১৫২৩৬

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক,
অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

সংযুক্তঃ

১। তথ্য ছক।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

তথ্য ছক (বেসরকারি কলেজ)

১. শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২. কলেজ কোড ও ইআইআইএন নং :

৩. প্রতিষ্ঠান স্থাপনার তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) :

৪. পাঠদানের প্রাথমিক অনুমতির তারিখ :

৫. প্রথম অঙ্গীয় স্বীকৃতির তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) :

৬. সর্বশেষ স্বীকৃতির তারিখ ও স্বীকৃতির মেয়াদ উভীরের তারিখ (কপি সংযুক্ত):

৭. সর্বশেষ নির্বাহী কমিটি/গভর্ণিৎ বডি/এডহক কমিটি অনুমোদনের তারিখ ও মেয়াদ (কপি সংযুক্ত):

৮. ব্রাঞ্চ বা শাখা সংক্রান্ত তথ্য (সংখ্যা উল্লেখসহ অনুমোদন পত্রের কপি সংযুক্ত):

৯. প্রতিষ্ঠানটি এমপিওভূক্ত কিনা? এমপিও ভূক্ত হলে এমপিওভূক্তির তারিখ:

১০. প্রতিষ্ঠানটির ধরণ : সাধারণ/বিশেষায়িত/সংস্থা কর্তৃক পরিচালিত (ঠিক চিহ্ন দিন)

১১. প্রতিষ্ঠানের নিজস্ব জমির পরিমাণ (খাজনা/নামজারীর কাগজ সংযুক্ত করতে হবে):

১২. প্রতিষ্ঠানটি নিজস্ব ভবনে পরিচালিত হচ্ছে কিনা? হ্যাঁ না (ঠিক চিহ্ন দিন)

১৩. প্রতিষ্ঠান ভাড়া বাড়ীতে কিনা? (ভাড়া বাড়ীতে হলে চুক্তিপত্র সংযুক্ত করতে হবে):

১৪. অধ্যক্ষ সংক্রান্ত তথ্য (নিয়মিত/ভারপ্রাপ্ত) :

১৫. অধ্যক্ষের চাকুরির মেয়াদ ৬০(ষাট) বছর উভীরের তারিখ :

১৬. প্রতিষ্ঠানে চলমান মামলার তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে):

১৭. প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ফলাফল সংক্রান্ত তথ্য:

পরীক্ষার সাল	পরীক্ষার্থীর সংখ্যা			পাশের সংখ্যা			পাশের হার (%)		
	বিজ্ঞান	মানবিক	ব্যবসায় শিক্ষা	বিজ্ঞান	মানবিক	ব্যবসায় শিক্ষা	বিজ্ঞান	মানবিক	ব্যবসায় শিক্ষা
২০১৭									
২০১৮									
২০১৯									

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

মোবাইল: